র্যাগিংয়ের বিচার প্রচলিত আইনেই: আইনমন্ত্রী

র্যাগিং কথাটার জন্য হয়তো আইন নাই। তবে প্রচলিত আইনেই এ বিচার করা সম্ভব। এমনটাই জানালেন আইনমন্ত্রী আনিসুল হক।

বুয়েটছাত্র আবরার ফাহাদকে নির্যাতন চালিয়ে হত্যার প্রেক্ষাপটে বুধবার সচিবালয়ে ইউরোপীয় ইউনিয়নের সংযুক্ত প্রতিনিধি দলের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের প্রশ্নে একথা বলেন তিনি।

আইনমন্ত্রী বলেন, র্যাগিং কথাটার জন্য হয়তো আইন নাই, র্যাগিংয়ের মাধ্যমে যদি কোনও অপরাধ করা হয়, যদি থাপ্পড় দেওয়া হয়, সেটাও কিন্তু পেনাল কোডে অপরাধ হিসাবে ৩২৩ এ শাস্তিযোগ্য।

তিনি বলেন, সম্প্রতি র্যাগিং এর কথাগুলো উঠে এসেছে। যারা র্যাগিংয়ের ভিকটিম তাদের উৎসাহ করবেন, তারা যেন নালিশ করে। নালিশ করলে আমাদের যথেষ্ট আইন আছে, যেগুলোর আওতায় র্যাগিংয়ের মাধ্যমে যে অপরাধ করা হয়, সেগুলোর বিচার আমরা করবো। প্রচলিত আইনেই এ বিচার করা হবে।

আইনমন্ত্রী বলেন, শুধু আইন আদালতে আসলেই সমাধান হবে, তা নয়। প্রতিষ্ঠানে এর বিরুদ্ধে প্রতিরোধমূলক কাঠামো দাঁড় করাতে হবে। সেখানে নালিশ করলে প্রতিকার হবে এবং নালিশ করলে আর র্যাগিং হবে না। এরকম কমপ্লেইন সিস্টেম গঠন করতে হবে।